

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ ডিসেম্বর, ২০১৪খ্রি:

নং পৌর-২/৪৬.০৬৪.০৩২.০৭.০৭.০৫৩.২০১১/১৪০২—যেহেতু, আপনি শ্রী কালাচান পাল নির্বাচিত হয়ে সরিষাবাড়ী পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর পদে দায়িত্ব পালন করছেন;

এবং যেহেতু, তথ্য গোপন করে সরিষাবাড়ী পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর পদে নির্বাচনে অংশগ্রহণ করেন;

এবং যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

এবং যেহেতু, একপ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১) (জ সংশোধিত) বিধান মতে পৌর মেয়রকে নিজ পদ হতে অপসারণের বিধান রয়েছে:

এবং যেহেতু, সরকার শ্রী কালাচান পাল, কাউন্সিলর, ৪নং ওয়ার্ড, সরিষাবাড়ী, জামালপুর-কে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১) (জ সংশোধিত) বিধান মোতাবেক জামালপুর জেলার সরিষাবাড়ী পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর শ্রী কালাচান পাল-কে সরিষাবাড়ী পৌরসভার কাউন্সিলর পদ হতে অপসারণ করা হল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী আসাদুজ্জামান  
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১০৭ )

মূল্য : টাকা ৪.০০